

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৫৮

আগরতলা, ২২ নভেম্বর, ২০১৮

মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎকারে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী
রাজ্যে পর্যটনের বলিষ্ঠ পরিকাঠামো নির্মাণে
কেন্দ্রীয় সরকার সবধরনের সহযোগিতা করবে

কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী (স্বাধীন দায়িত্ব) কে জে আলফোন্স আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। আন্তর্জাতিক পর্যটন মার্চ-২০১৮ উপলক্ষে তিনি আগরতলায় এসেছেন। উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলির কথা তুলে ধরতেই এটি পর্যটন মন্ত্রকের বার্ষিক অনুষ্ঠান। সাক্ষাৎকারের সময় রাজ্যের পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনায় কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী জানান, ত্রিপুরার সংস্কৃতি এবং অতিথিবৎসল রাজ্যবাসী তাকে অনুপ্রাণিত করেছে এবং এখানে পর্যটনের বিকাশের ব্যাপক সম্ভাবনা রয়েছে। নীরমহল, উনকোটি, ছবিমুড়া, ত্রিপুরা সুন্দরী মন্দির সহ রাজ্যের বিস্ময়কর পর্যটন কেন্দ্রগুলি বিশ্বের পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তুলতে রাজ্য সরকারের ব্যাপক পরিকল্পনার কথা মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় পর্যটন মন্ত্রীকে অবহিত করেন। ত্রিপুরাকে মডেল স্টেট-এ রূপান্তর করতে রাজ্য সরকারের ভিশন-এর কথাও বলেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী জানান যে, স্বদেশ দর্শন, প্রসাদ প্রভৃতির মতো ফ্ল্যাগশিপ প্রোগ্রামের মাধ্যমে রাজ্যে পর্যটনের বলিষ্ঠ পরিকাঠামো নির্মাণে কেন্দ্রীয় সরকার সবধরনের সহযোগিতা করবে। রাজ্যের পর্যটন উন্নয়ন নিগমের সহযোগিতায় কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক সপ্তম আন্তর্জাতিক পর্যটন মার্চের আয়োজন করেছে। ত্রিপুরার রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলাঙ্কি, মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এবং কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী কে জে আলফোন্স-এর উপস্থিতিতে প্রজ্ঞা ভবনে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সপ্তম আন্তর্জাতিক পর্যটন মার্চ শুরু হয়েছে।
